নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ৩৭০৫
তারিখ ঃ- ০২/০৬/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ মসরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোন নং-৯৫৬০৬৫২, ফ্যাক্স নং-৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-৩

বিজ্ঞপ্তি

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত সকল শ্রেণির ঠিকাদারি প্রতিষ্ঠানের ২০২১-২০২২ সনের বার্ষিক নবায়ন ফি জমা প্রদান প্রসংগে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের সকল শ্রেণি যথা-বিশেষ শ্রেণি, প্রথম শ্রেণি (সম্মিলিত), প্রথম শ্রেণি, দ্বিতীয় শ্রেণি, তৃতীয় শ্রেণিসহ সকল ক্যাটাগরি (সিভিল, স্যানিটারী, বৈদ্যুতিক/যান্ত্রিক), ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠানকে ২০২১-২০২২ সনের বার্ষিক নবায়ন ফি জমা প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি জারি করা হলো।

তালিকাভুক্ত শ্রেণি বিন্যাস অনুযায়ী সংযুক্ত নবায়ন আবেদন ফরমের প্রতিটি কলাম ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে পূরণ করে আবেদন ফরমের সাথে গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্তির রেজিষ্ট্রেশন বইয়ের ছায়াকপি, ট্রেড লাইসেন্স, ২০২০-২০২১ সনের আয়কর পরিশোধিত সনদ, বৈদ্যুতিক এবিসি ও সুপারভাইজারী লাইসেন্সের ছায়াকপি এবং ২০২০-২০২১ সনের নবায়নের অনুমতির ছায়াকপি গণপূর্ত অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে আগামী ০১/০৭/২০২১খ্রিঃ তারিখ হতে ৩০/০৭/২০২১খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।

জমাকৃত নবায়ন আবেদনগুলো পর্যায়ক্রমে যাচাই বাছাই করে সুপারিশসহ সংশ্লিষ্ট অফিসের (যথা-বিশেষ শ্রেণি, প্রথম শ্রেণি (সম্মিলিত), প্রধান প্রকৌশলীর দপ্তরে, প্রথম শ্রেণি (বৈদ্যুতিক ও যান্ত্রিক), ২য় শ্রেণি (বৈদ্যুতিক ও যান্ত্রিক), তৃতীয় শ্রেণি (বৈদ্যুতিক ও যান্ত্রিক) গণপূর্ত ই/এম জোন ও গণপূর্ত ই/এম সার্কেল) নিকট সর্বশেষ ৩০/০৭/২০২১খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক নবায়নের অনুমতির আদেশ প্রদান করা হবে। প্রথম শ্রেণি (সিভিল), দ্বিতীয় শ্রেণি (সিভিল ও স্যানিটারী), তৃতীয় শ্রেণি (সিভিল ও স্যানিটারী) ঠিকাদারি প্রতিষ্ঠানগণ সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগে সরাসরি নবায়ন ফি ৩০/০৯/২০২১খ্রিঃ তারিখের মধ্যে জরিমানা ব্যতীত ২০০০/- টাকা ও ১৫% মূল্য সংযোজনসহ মোট =২,৩০০/- টাকা জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে ৩১/১২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে ৫০% জরিমানাসহ জমা দিতে হবে। এতেও ব্যর্থ হলে ৭৫% জরিমানাসহ আগামী ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।

একাধিক বৎসরের নবায়ন আবেদন ফরম সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক পূরণ করে নির্বাহী প্রকৌশলীর দপ্তরে জমা প্রদান করবেন। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সুপারিশ করে বিশেষ শ্রেণি, প্রথম শ্রেণি (সম্মিলিত), প্রথম শ্রেণি (সিভিল, স্যানিটারী ও ই/এম) প্রধান প্রকৌশলীর দপ্তর, ২য় শ্রেণি (সিভিল, স্যানিটারী ও ই/এম) অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর ও ৩য় শ্রেণি (সিভিল, স্যানিটারী ও ই/এম) তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করবেন। প্রধান প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট গণপূর্ত জোন ও সংশ্লিষ্ট গণপূর্ত সার্কেল কর্তৃক বোর্ড সভার মাধ্যমে সুপারিশকৃত আবেদনগুলো পরীক্ষা-নিরীক্ষা করে বিধি মোতাবেক নবায়ন ফি জমা দেয়ার আদেশ প্রদান করা হবে।

30.05.2021

(নন্দিতা রাণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬০৯৯৯
Email: se_est@pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২১৩.০৭.৩৮৮/১৮-১৯-৬৮৩/২৫০

তারিখঃ ১৬-০২-১৪২৮ বঙ্গাব্দ
০১-০৬-২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী,.......................................................।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল,.......................................।
৩। নির্বাহী প্রকৌশলী,....................গণপূর্ত বিভাগ,.........................। বিজ্ঞপ্তটি প্রচারের লক্ষ্যে তার দপ্তরের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে রাখার ব্যবস্থা গ্রহণ করবেন এবং ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক নবায়ন আবেদন দাখিল করলে তা যাচাই বাচাই পূর্বক সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। বিজ্ঞপ্তি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৫। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্ত ঠিকাদার সমিতি, ২৯/১. ঝিগাতলা, ঢাকা।
৬। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্ত ইলেকট্রিক ঠিকাদার সমিতি, ১৯ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
৭। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্ত ঠিকাদার কল্যাণ সমিতি, গণপূর্ত এনেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক, ----------------------- শাখা, প্রধান প্রকৌশলীর দপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
৯। গার্ড ফাইল/নোটিশ বোর্ড।

৩০/৫/২১

(আইনুন নাহার এ্যানি)
নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৫৪৫৫৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ মসরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোন নং-৯৫৬০৬৫২, ফ্যাক্স নং-৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-৩

## ঠিকাদারি প্রতিষ্ঠানের বার্ষিক নবায়ন ফি জমা দেয়ার অনুমতির আবেদন ফরমঃ-

১। (ক) ঠিকাদারি প্রতিষ্ঠানের পূর্ণ নাম :
(খ) মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারের নাম :
(গ) প্রতিষ্ঠানের ঠিকানা :
(ঘ) মোবাইল/ফোন নম্বর : ফোনঃ
(ঙ) প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা :

২। (ক) ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রকার ও শ্রেণি :
(খ) তালিকাভুক্তির ক্রমিক নম্বর ও সন :

৩। (ক) কোন বৎসরের নবায়ন ফি জমা দিতে ইচ্ছুক :
(খ) সর্বশেষ কোন বৎসরের নবায়ন ফি জমা দিয়েছেন এবং গণপূর্ত বিভাগের নাম :

৪। (ক) ঠিকাদারি প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর পরিশোধিত সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। :
(খ) গণপূর্ত রেজিস্ট্রেশন বইয়ের সম্পূর্ণ সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। :
(গ) বৈদ্যুতিক ও যান্ত্রিক ঠিকাদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে বৈদ্যুতিক এবিসি ও সুপারভাইজারী সনদ, বিসি ও বিসি ও সি লাইসেন্সের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। :

আমি/আমরা এই মর্মে ঘোষনা করছি যে, উপরে বর্ণিত সকল তথ্যাদি সঠিক ও সত্য। তবে মিথ্যা প্রমাণিত হওয়ার কারণে তালিকাভুক্তি নবায়ন আদেশ বাতিল হলে আমি/আমরা দায়ি থাকব।

আবেদনকারী ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালক/
ব্যবস্থাপনা অংশীদারের স্বাক্ষর ও সীল।

ঠিকাদারি প্রতিষ্ঠানের সম্পর্কে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর মন্তব্য ও সুপারিশ। :

**বি:দ্র: আবেদন ছকের প্রতিটি কলাম সঠিকভাবে পূরণ করতে হবে এবং তালিকাভুক্তির ক্রমিক নম্বর ও সন অবশ্যই উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।**